

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০৩০.১৯.৭৮

তারিখ: ২৮ মাঘ ১৪২৬


১১ ফেব্রুয়ারি ২০২০

বিষয়: নাটোর জেলার গোপালপুর আদর্শ মহিলা ডিগ্রি কলেজের অবৈধভাবে নিয়োগপ্রাপ্ত অধ্যক্ষের সীমাহীন দুর্নীতি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নাটোর জেলার গোপালপুর আদর্শ মহিলা ডিগ্রি কলেজের অধ্যক্ষ জনাব মো: বেলাল হোসেনের দুর্নীতি ও অনিয়মের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য অত্র কলেজের শিক্ষক ও কর্মচারীবৃন্দ অভিযোগ দায়ের করেন। অভিযোগকারীরা জানান তিনি একই প্রতিষ্ঠানের সহকারী অধ্যাপক পদে কর্মরত ছিলেন। ডিগ্রি কলেজের অধ্যক্ষ হওয়ার জন্য ১৫ বছরের অভিজ্ঞতার নিয়ম থাকলেও মাত্র ১২ বছরের অভিজ্ঞতা দিয়ে তিনি অধ্যক্ষ পদে নিয়োগ নেন। নিয়োগের বিরুদ্ধে জেলা জজ আদালতে মামলা দায়ের করলে তিনি নিষেধাজ্ঞা অমান্য করে অধ্যক্ষ পদে নিয়োগ নেন। কলেজটি জাতীয়করণের নামে এম.পি.ও ভুক্ত ও নন এমপিওভুক্ত শিক্ষক/কর্মচারীদের নিকট থেকে চাপ প্রয়োগ করে অনৈতিকভাবে ১৩,০২,৭৩৫/- টাকা আদায় করেন। পরবর্তীতে কলেজটি জাতীয়করণ না হলে শিক্ষকদের চাপে ১০ লক্ষ টাকার চেক প্রদান করেন। পরবর্তীতে ব্যাংক কর্তৃক চেকটি ডিজঅনার হলে জেলা জজ কোর্টে চেক জালিয়াতি মামলা দায়ের হয়। পরবর্তীতে সমঝোতার মাধ্যমে মামলা প্রত্যাহার হলেও প্রাপ্য টাকা এখনও আদায় হয়নি। এ বিষয়ে অধ্যক্ষের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য অভিযোগ দায়ের করেন। অভিযোগগুলো তদন্তের জন্য পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহীকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

এমতাবস্থায়, প্রতিষ্ঠানটি সরেজমিনে পরিদর্শন করে অভিযোগগুলো তদন্ত করে সুস্পষ্ট মতামতসহ তদন্ত প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল।

বিধি মোতাবেক টিএ/ডিএ প্রাপ্য হবেন।



১১-২-২০২০

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক

পরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চল, রাজশাহী

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০৩০.১৯.৭৮/১(৩)

তারিখ: ২৮ মাঘ ১৪২৬

১১ ফেব্রুয়ারি ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সভাপতি, গভর্নিং বডি, গোপালপুর আদর্শ মহিলা ডিগ্রি কলেজ, নাটোর

২) জনাব.....।

৩) অধ্যক্ষ, গোপালপুর আদর্শ মহিলা ডিগ্রি কলেজ, নাটোর

৯৮৫৮

১১-২-২০২০

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক